দৈনিক ইনকিলাব

7

তারিখ JUL 22 1999
পৃষ্ঠা ৩ কলাম ৩

# রাজশাহী পলিটেকনিকের ছাত্র সংসদ নির্বাচনে ছাত্রদল ও শিবিরের সংখ্যাগরিষ্ঠতা

রাজশাহী অফিস ঃ গতকাল (বুধবার) রাজশাহী পলিটেকনিক ইনস্টিটিউট ছাত্র সংসদের নির্বাচন শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয়েছে। এতে ইসলামী ছাত্র শিবির ভিপি, প্রোভিপি, জিএসসহ ছয়টি, ছাত্রদল আটটি এবং মুজিববাদী ছাত্রলীগ এজিএসসহ ২টি পদে জয়লাভ করেছে।

সকাল ৯টা থেকে শুরু করে বেলা ১টা পর্যন্ত ভোটগ্রহণ চলে। এতে ১ হাজার ১শ' ৪ জনের মধ্যে ৮শ' ৮৫ জন ভোট দিয়েছেন। ভিপি পদে শিবিরের মোঃ আবদুল্লাহিল কাফি ২৫৯ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন। জিএস পদে শিবিরের এইচ আর এম জুলফিকার মামুন ২৬৬ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন।

নির্বাচিত অন্যান্যরা হলো প্রোভিপি মোঃ আবু তাহের রাজু (শিবির), এজিএস মোঃ মাকসুদুল ইসলাম চৌধুরী সুইট (ছাত্রলীগ), ক্রীড়া সম্পাদক মোঃ নিজাম উদ্দীন (শিবির), সহ-ক্রীড়া সম্পাদক মোঃ রবিউল আউয়াল রিপন (ছাত্রদল), সাংস্কৃতিক ও সমাজ কল্যাণ সম্পাদক মোঃ আবদুল কাইউম রনি (ছাত্রদল), সহ-সাংস্কৃতিক ও সমাজ কল্যাণ সম্পাদক মোঃ হাবিবুর রহমান মুকুল (ছাত্রদল), সাহিত্য ও পত্রিকা রবিউল ইসলাম রবি (ছাত্রলীগ), সহ-সাহিত্য ও পত্রিকা অনুপ কুমার সাহা (ছাত্রদল), আন্তঃকক্ষ ক্রীড়া মোঃ আবদুল ওয়াদুদ (ছাত্রদল), সহ-আন্তঃকক্ষ ক্রীড়া মোঃ ফয়সাল মাহমুদ (ছাত্রদল) ধর্মীয় সম্পাদক মোঃ আবদুর রহমান (শিবির), সহ-ধর্মীয় সম্পাদক মোঃ আবদুল মতিন (শিবির), মহিলা সম্পাদিকা মোসাঃ তাহসীমা খাতুন তিথি (ছাত্রদল) এবং সহ-মহিলা সম্পাদিকা সুলতানা মাকসুদ রনি (ছাত্রদল)।

উল্লেখ্য, নির্বাচনে ৫টি প্যানেল প্রতিদ্বন্দ্বিতা করলেও জাসদ ছাত্রলীগ ও ছাত্রমৈত্রী কোন পদেই জয়লাভ করেনি।